দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 13 JUL 1997 ...
পৃষ্ঠা 1 কলাম 2

24

# কিন্ডারগার্টেন ॥ শিক্ষার নামে কি হচ্ছে?

পারভীন সুলতানা

আমার এক আত্মীয়া তিন বছরের ছেলেকে কিন্ডারগার্টেনে ভর্তি করিয়েই কিছুদিন পর অনুযোগের সুরে বলেন, "ছেলে তো বাংলাতেই কথা বলছে।" আমার উত্তর ছিল, "তাহলে কি হিব্রুতে বলবে।" "না ইংরেজীতে বলবে"। অসহিষ্ণুভাবে উত্তর দিল মহিলা। আমি তখন তাকে বোঝাতে চেষ্টা করি কিন্ডারগার্টেন স্কুল ও ইংরেজী মিডিয়াম স্কুলের পার্থক্যটা কি?

জার্মান শব্দ Kindergarten অর্থ হলো শিশুদের বাগান। জার্মানির ফ্রোবেল নামক এক ভদ্রলোক ১৮৩৭ সালে প্রুসিয়ার ব্রাঙ্কনবার্গে ছোটদের জন্য স্কুল প্রতিষ্ঠা করে সেটাকে তিনি বলেছিলেন– A school for the psychological training of little children by means of play. এবং এই স্কুলকে স্কুল না বলে কিন্ডারগার্টেন নাম দেন। এখন কিন্ডারগার্টেন যদি খেলতে খেলতে পড়ালেখার জায়গা হয়, তবে অবশ্যই শিশুটি যে ভাষায় কথা বলতে ও শুনতে অভ্যস্ত সে ভাষাতেই তাকে পড়ানো ও শিখানো হবে। এটাই স্বাভাবিক। বাড়িতে সে শুনে আসছে "এটা করো", "ওটা ধরো"। তাকে যদি বলা হয় Do it or take it, তবে তো শিশুটি ঘাবড়ে গিয়ে স্কুল বিমুখ হয়ে পড়বে।

সুতরাং বাচ্চাকে ইংরেজীতে পারদর্শী করার আশায় যারা ছেলেমেয়েদের কিন্ডারগার্টেনে ভর্তি করান, তাঁরা ভুলই করেন। এটা ঠিক যে, দেশে ইংরেজী মাধ্যম কিন্ডারগার্টেনও আছে, যেখানে ইংরেজী কথোপকথন শিখানো হয়। তবে আজকাল অলিতে-গলিতে যেসব কিন্ডারগার্টেন গড় উঠেছে তার ৯০ ভাগ বাংলা মাধ্যম কিন্ডারগার্টেন। বাংলাদেশে বর্তমানে ৬ হাজার ৩৫১টি কিন্ডারগার্টেন আছে, যার মাত্র ২শ'টি ইংরেজী মাধ্যম।

কিন্ডারগার্টেন অবশ্যই ব্যয়বহুল। এখানে স্কুল ফী-এর কোন বাঁধাধরা নিয়ম নেই। কোন কোন কিন্ডারগার্টেনে আনুষঙ্গিক খরচও অনেক। যেমন দামী দামী খেলনা ও ভিডিও, টিভির ব্যবস্থা করা, পর্যাপ্ত পরিমাণে আয়া-দারোয়ান রাখা। আবার কিছু কিছু কিন্ডারগার্টেন দেখলে ভাবতে কষ্ট হয়, কোন শিক্ষিত মহিলা এটা প্রতিষ্ঠা করেছেন।', চেয়ার-টেবিল, ক্লাসরুমের হতশ্রী চেহারা মানুষকে চিন্তাগ্রস্ত করে তুলবে, এটা কি স্কুল রুম না জেলখানা? এসব কিন্ডারগার্টেনে উচ্চ ফী-এর সাথে অন্যান্য বাড়তি খরচও আদায় করা হয় অভিভাবকদের কাছে থেকে। মোহাম্মদপুরের একটি ইংরেজী মাধ্যম কিন্ডারগার্টেন টিভি ও ভিসিআর কেনার জন্য বাধ্যতামূলকভাবে

অভিভাবকদের কাছ থেকে স্কুল বেতনের সাথে মোটা অঙ্কের টাকা আদায় করে। আবার আবার কিছুদিন পর ঐ স্কুলই একটি বাড়ি স্থায়ীভাবে লিজ নেয়ার নামে মোটা অঙ্কের টাকা অভিভাবকদের কাছ থেকে আদায় করে। কিছু স্কুল বছরের শুরুতে বই-খাতা-পেন্সিল দেয়ার নামে বেতনের অঙ্কের সাথে আরও কিছু যোগ করে দেয়। তবে সারা বছরের বই-খাতা ও এই খাতে নেয়া টাকার মাঝে সমন্বয় করতে গিয়ে অভিভাবকদের হিমশিম খেতে হয়।

কিন্ডারগার্টেনে কি পড়ানো হয়? শিক্ষয়িত্রী কারা? রূঢ় শোনালেও অনেক ক্ষেত্রে এটাই সত্য যে, ডিগ্রী পাস করতে পারেনি বা উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়ে বসে আছেন– এ মহিলারাই পাড়ার কিন্ডারগার্টেনের শিক্ষয়িত্রী। এমনকি অনেক দামী ইংলিশ মিডিয়াম স্কুলগুলোতে যে স্কুল থেকে মাত্র ও-লেভেল করেছে এমন ছাত্রীদের শিক্ষয়িত্রীর পদে নিয়োগ করা হয়।

সিলেবাস? কিন্ডারগার্টেন ও ইংলিশ মিডিয়াম স্কুল দুটোতেই রয়েছে জগাখিচুড়ি সিলেবাস। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ডঃ তাহমিনা হোসেনকে আহ্বায়ক করে একটি কমিটি গঠিত হয়, যা কিন্ডারগার্টেনগুলোর ওপর জরিপ কাজ চালাবে। এরপরই কিন্ডারগার্টেন নীতিমালা তৈরি হবে।

কিন্ডারগার্টেন নীতিমালার মতো ইংলিশ মিডিয়াম স্কুলগুলোরও নীতিমালা প্রয়োজন। পার্শ্ববর্তী রাষ্ট্রের ভূগোল, ইতিহাস পড়ানো হচ্ছে অনেক ক্ষেত্রে শুধুমাত্র বইয়ের অভাবে। আর ইসলামিয়াত শিক্ষার ক্ষেত্রে এক ক্লাসে বোর্ডের বই ফলো করা হয় তো অন্য ক্লাসে ইসলাম ধর্মের ওপর ইংরেজী লেখা প্রশ্নোত্তর ফটোকপি করে ছাত্রছাত্রীদের দেয়া হয়।

পাকিস্তান আমলে বোর্ডের সিলেবাসে ইংরেজী মাধ্যম ছিল। স্বাধীনতার পর ইংরেজী মাধ্যম উঠে যাওয়ায় ও সিলেবাস বদলানোর জন্য নতুন করে এ দেশের পরিপ্রেক্ষিতে কোন ইংরেজী টেক্সট বই লেখা হয়নি। ফলে এই ফাঁক।

আমার সন্তান বাংলায় পড়বে না ইংরেজীতে পড়বে–সেটা আসল বিষয় নয়। আসল বিষয় আমার সন্তান কি পড়বে? শুধুমাত্র লক্ষ্য রাখতে হবে, যে শিক্ষা দেশপ্রেমকে উদ্বুদ্ধ করে নিজ সংস্কৃতিকে শ্রদ্ধা করতে শিখায় সেই শিক্ষাই যেন আমার সন্তান পায়। শিক্ষানীতিতে যেন সেই প্রতিফলনই থাকে।